

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৩. ৫. ১০. শয়তানের পরীক্ষার পর যীশু কোথায় গেলেন?

মথি লেখেছেন, শয়তানের পরীক্ষার পর যীশু নাসরত ত্যাগ করে কফরনাহূমে বাস করেন: "তখন শয়তান তাঁকে পবিত্র নগরে নিয়ে গেল এবং বায়তুল মুকাদ্দসের চূড়ার উপরে দাঁড় করালো, (এবং তাঁকে সেখান হতে নিচে ঝাঁপ দিতে প্ররোচিত করল) ... আবার শয়তান তাঁকে খুব উঁচু একটা পর্বতে (exceeding high mountain) নিয়ে গেল এবং দুনিয়ার সমস্ত রাজ্য ও সেই সবের প্রতাপ দেখালো (এবং রাজত্বের লোভে শয়তানকে সাজদা বা প্রণাম করতে প্ররোচনা দিল)... পরে ঈসা শুনতে পেলেন যে, ইয়াহিয়াকে কারাগারে বন্দী করা হয়েছে, তখন তিনি গালীলে চলে গেলেন; আর নাসরত ত্যাগ করে সমুদ্রতীরে, সবৃলূন ও নপ্তালি অঞ্চলে অবস্থিত কফরনাহূমে গিয়ে বাস করলেন।" (মথি ৪/৫-১৩, মো.-১৩)

কিন্তু লূক লেখেছেন, তিনি নাসরতেই ফিরে আসেন: "পরে সে (শয়তান) তাঁকে (ঈসাকে) উপরে (উঁচু এক পর্বতে high mountain)[1] নিয়ে গিয়ে মুহূর্তকালের মধ্যে দুনিয়ার সমস্ত রাজ্য দেখালো (এবং রাজত্বের লোভে সেজদা করতে প্ররোচনা দিল) ... আর সে তাঁকে জেরুশালেমে নিয়ে গেল ও বায়তুল-মোকাদ্দসের চুড়ার উপরে দাঁড় করালো (এবং তাঁকে নিচে ঝাঁপ দিতে প্ররোচিত করল) ... তখন ঈসা পাক-রহের শক্তিতে পূর্ণ হয়ে গালীলে ফিরে গেলেন এবং তাঁর কীর্তি চারদিকের সমস্ত অঞ্চলে ছড়িয়ে পড়লো। ... আর তিনি যেখানে লালিত-পালিত হয়েছিলেন, সেই নাসরতে উপস্থিত হলেন।" (লূক ৪/৫, ৯, ১৪-১৬, মো.-১৩)

ফুটনোট

[1] মথি ও লূক উভয় সুসমাচারেই ইংরেজিতে 'high mountain' বলা হয়েছে। কিন্তু বাংলায় প্রথম স্থানে উচ্চ পর্বত বলা হয়েছে, কিন্তু দ্বিতীয় স্থানে 'উপরে' বলা হয়েছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14006

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন